

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, অক্টোবর ১১, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২৯ সেপ্টেম্বর ২০১৪

নং পৌর-২/৪৬.০৬৪.০২৭.৪৪.০৩.৩৬৭.২০১১/১০৮০—যেহেতু আপনি জনাব মোঃ মজিবুর রহমান, মেয়র, নলছিটি পৌরসভা পদে নির্বাচিত হয়ে দায়িত্ব পালন করছেন;

যেহেতু, ২০১০-২০১১, ২০১১-২০১২ এবং ২০১২-২০১৩ অর্থ বছরের এডিপি খাতে ১,৮৭,০০,০০০/- টাকা এবং রাজস্ব তহবিলের বিভিন্ন খাত হতে ১,১৯,৪৮,৪৩৬/- টাকা উত্তোলন করে উক্ত টাকা আত্মসাৎ করার বিষয়টি তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, আপনার বিরুদ্ধে তদন্তে প্রমাণিত অভিযোগসমূহ পৌরসভার স্বার্থ পরিপন্থি/প্রশাসনিক দৃষ্টিকোণ হতে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে;

যেহেতু, এরূপ অভিযোগের কারণে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) বিধান মতে পৌরসভার মেয়রকে নিজ পদ হতে সাময়িকভাবে বরখাস্তের বিধান রয়েছে;

সেহেতু, সরকার জনাব মোঃ মজিবুর রহমান, মেয়র, নলছিটি পৌরসভা, বালকাঠীকে সাময়িক বরখাস্তের সিদ্ধান্ত গ্রহণ করেছে;

( ১৮৮৮১ )

মূল্য : টাকা ৪.০০

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) বিধান মোতাবেক ঝালকাঠী জেলার নলছিটি পৌরসভার মেয়র জনাব মোঃ মজিবুর রহমান-কে নলছিটি পৌরসভার মেয়রের পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ খলিলুর রহমান  
উপ-সচিব।